

মহানির্বাণ ক্যালকাটা রিসার্চ গ্রুপের প্রতিষ্ঠা হয় ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গে তৎকালীন শান্তি আন্দোলনের সমর্থক ও সহায়ক গোষ্ঠী রূপে। বর্তমানে ক্যালকাটা রিসার্চ গ্রুপ (CRG) নামেই এই সংস্থা অধিক পরিচিত। ভৌগোলিক বিচারে পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের উপর নীতি নির্ধারণকে কেন্দ্র করে এই সংস্থা তার আলোচনা, অধিবক্তৃত্ব এবং গবেষণাকে ত্বরান্বিত করেছে।

মূলতঃ পাঁচটি বিষয়ের উপর CRG কাজ করে থাকে: ১) বলপূর্বক অভিবাসন (শরণার্থী, অন্তর্দেশীয় বিচ্যুত মানুষ (IDPs), সীমান্তের সৈনিকীকরণ ও সীমান্ত সন্ত্রাস রোধ); ২) উত্তর-ঔপনিবেশিক গণতন্ত্র এবং পরিচালন ব্যবস্থা (স্বায়ত্তশাসন, সামাজিক ন্যায়, উন্নয়নমূলক নীতিসমূহ)-র নানা দিক; ৩) শান্তি ও সংঘর্ষ নিবারণ; ৪) সংখ্যালঘু বিষয়ক অধিকার ও বিশ্বায়ন সম্বন্ধিত ক্ষেত্র; ৫) লিঙ্গ বিষয়ক ক্ষেত্র। উক্ত অনুসন্ধান তালিকার প্রতিটি ক্ষেত্রেই লিঙ্গ বৈষম্যের দিকটিকে গুরুত্ব দেওয়া হয়। বিভিন্ন প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়গুলির সাথে CRG অংশীদার হিসাবে কাজ করেছে- যার মধ্যে গুয়াহাটি বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়, মুম্বাই বিশ্ববিদ্যালয়, আই. সি. এস. এস. আর (উত্তর-পূর্ব আঞ্চলিক কেন্দ্র), রাষ্ট্রীয় মহিলা আয়োগ, অক্সফোর্ড ইউনিভার্সিটি ও ব্রুকিংস ইনস্টিটিউশন উল্লেখযোগ্য। প্রাতিষ্ঠানিক সংস্থা ব্যতীত এ দেশের বিভিন্ন নাগরিক সমাজকর্মী, নীতি বিশ্লেষক এবং অগ্রণী আইনজ্ঞরাও CRGর হিতধারক। বলপূর্বক অভিবাসন, গণতন্ত্র, নাগরিকত্ব, ন্যায়, লিঙ্গ বিষয়ক অধিকার, বিশ্বায়ন এবং অধিকার এবং অন্যান্য সম্বন্ধযুক্ত বিষয়ে বিস্তৃত গবেষণা ও প্রশিক্ষণের CRG 'উৎকর্ষতা কেন্দ্র' হিসাবে স্বীকৃত।

CRG তার অনুসন্ধানের এলাকার সাথে সম্বন্ধযুক্ত বিষয়ে মৌলিক গবেষণায় নিয়োজিত ছাত্রছাত্রীদের জন্য 'Internship' এর সুযোগ প্রদান করে। আগ্রহী ছাত্রছাত্রীদের এই মর্মে আবেদন করতে বলা হচ্ছে।

CRG র গ্রন্থাগারে রক্ষিত পুস্তকের তালিকা ও গবেষণার দলিলপত্রাদি সম্বলিত অভিলেখাগারটির দলিলপত্রের তালিকা এই ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে নথিভুক্ত ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত। যারা এই ওয়েবসাইটটি দেখবেন, তাঁরা বলপূর্বক অভিবাসনের উপর CRGর যাবতীয় তথ্যাবলী ও বিভিন্ন প্রকাশনার পূর্ববর্তী সংস্করণগুলিও দেখতে পাবেন। একটি অলাভজনক সংস্থা হিসাবে CRG সার্বজনিক ক্ষেত্রে তার গবেষণালব্ধ ফলাফল প্রকাশ এবং সার্বজনিক মঞ্চে সাংবাদিকতা ও গণমাধ্যমকে যুক্ত করে সর্বজনীন বিতর্ককে আরো সুদূরপ্রসারী করার লক্ষ্যে দায়বদ্ধ।